

ছাত্র রাজনীতি প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

ব্রাহ্মণবাড়িয়া, ২৭শে সেপ্টেম্বর (বাসস)।—শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ গতকাল এখানে বলেন যে, প্রেসিডেন্ট জিয়াউর রহমানের পূর্ব-বর্তী ওয়াদা মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া কলেজকে ১লা ডিসেম্বর অথবা ৩০-পূর্বেই জাতীয়করণ করা হবে।

কলেজের ছাত্র ও শিক্ষকদের সমাবেশে ভাষণদানকালে শিক্ষামন্ত্রী বলেন, ছাত্র, শিক্ষক ও কর্তৃপক্ষের মধ্যকার যোগাযোগের অভাব পূরণে স্টুডেন্ট ইউনিয়নের পুনরুজ্জীবন ও বিকাশ হওয়া উচিত। তিনি বলেন, এ ব্যবস্থা দেশের ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তুলতেও বিশেষ সহায়ক হবে। তিনি কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে স্টুডেন্টস ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের নির্দেশ দেন।

ছাত্র রাজনীতির প্রসঙ্গ উল্লেখ করে মন্ত্রী বলেন, আমাদের দেশের ন্যায় উন্নয়নশীল দেশে ছাত্র সমাজকে দুর্নীতি ও জনগণের অভাব-অভিযোগ সম্পর্কে বস্তব্য রাখতে হবে এবং এ ধরনের বস্তব্যকে যদি রাজনীতি বলা হয়, তাহলে তারা সে রাজনীতি করবে। তবে তিনি ছাত্র-রেশী দুষ্কৃতকারীদের প্রতিরোধ করতে এবং শিক্ষা প্রতিষ্ঠানের পবিত্রতা ও শান্তি বজায় রাখতে ছাত্রদের প্রতি আবেদন রাখেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বেসরকারী কলেজ, হাইস্কুল, মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সার্ভিস রুল শীগগিরই চালু করা হবে এবং এর ফলে তাঁদের চাকরি নিরাপত্তা পাবে।

পশ্চিম শ্রেণী অবধি নোট বই নিষিদ্ধকরণ রুলের উল্লেখ করে তিনি বলেন, যে কোন লোক নোট বই প্রকাশ অথবা বিলি-বিতরণ করলে তাকে ১৪ বছরের সশ্রম কারাদন্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করার জন্য তিনি সুপারিশ করেছেন।

পরে তিনি ব্রাহ্মণবাড়িয়া শহর ও সরাইলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। তিনি সরাইলে একটি জনসভায় এবং ব্রাহ্মণবাড়িয়া টাউন হলে বিভিন্ন স্তরের লোকের এক সমাবেশে ভাষণ দেন।

025
 >